

শিক্ষক নিয়োগে সরকারি নিষেধাজ্ঞা রংপুর বিশ্ববিদ্যালয়ে ক্লাস নেবেন কারা?

নিজস্ব প্রতিবেদক • রংপুর

সদ্যপ্রতিষ্ঠিত রংপুর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ক্লাস শুরু হওয়ার কথা ২৮ জানুয়ারি। ইতিমধ্যে ছয়টি বিভাগে ৩০০ আসনে ছাত্রছাত্রী ভর্তি করা হয়েছে। যথাসময়ে ক্লাস শুরু শেখা শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তিও দেওয়া হয়েছিল। ১৫ জানুয়ারি এই নিয়োগ পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু ১৪ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয় থেকে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ বন্ধ রাখার নির্দেশ জারি হলে স্থগিত হয়ে যায় নিয়োগ-প্রক্রিয়া। এ অবস্থায় পূর্বঘোষিত সময়ে ক্লাস শুরু নিয়ে দেখা দিয়েছে চরম অনিশ্চয়তা। খোদ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও এ কথা স্বীকার করেছে।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, গত বছরের ৩০ নভেম্বর বিশ্ববিদ্যালয়ে সাতক প্রথম বর্ষে (সম্মান) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তিনটি অনুষদে ছয়টি বিভাগে ৩০০ আসনের বিপরীতে প্রায় ১৯ হাজার শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। শিক্ষক নিয়োগের জন্য গত বছরের ডিসেম্বরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পত্রিকায় বিজ্ঞাপন দেয়। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা নিষেধাজ্ঞায় আটকে গেছে শিক্ষক নিয়োগ-প্রক্রিয়া।

এ ব্যাপারে রংপুর বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য রংপুর কারনাইকেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. দীপকেন্দ্র নাথ দাস জানান, সরকারের সিদ্ধান্তে রংপুর বিশ্ববিদ্যালয়ে যথাসময়ে ক্লাস শুরু নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। তবে তিনি আশা

করেন, শিগগিরই এ নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হবে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম গত শনিবার রংপুর বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পরিদর্শন করেন। এ সময় তিনি শিক্ষক নিয়োগের নিষেধাজ্ঞা ভুলে নেওয়ার জন্য পদক্ষেপ নেওয়া হবে বলে আশা প্রকাশ করেন।

রংপুর বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. রেজাউল হক গত শনিবার রংপুরের জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে একটি লিখিত বিবৃতি দেন। এতে বলা হয়, সরকারের নিষেধাজ্ঞার ফলে রংপুর বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম বিঘ্নিত হবে। বিবৃতিতে তিনি দ্রুত এ নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানান।

গত তদ্ব্যবধায়ক সরকারের আমলে উপদেষ্টা পরিষদের এক সভায় রংপুরে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত হয়। গত বছরের ৬ ডিসেম্বর কারনাইকেন কলেজের ৭৫ একর জায়গার মধ্যে রংপুর বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মাবেক প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ। বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র ভবন নির্মাণের কাজ শেষ না হওয়া পর্যন্ত রংপুর শহরের ধাপে অবস্থিত টিচার্স ট্রেনিং কলেজে অস্থায়ী ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চালুর সিদ্ধান্ত হয়। ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক ড. এম লুৎফর রহমানকে এই নতুন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ করা হয়েছে।